দৈনিক সংবাদ

তারিখ ... OCT. ৩০ 1999 ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৬ ...

## কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ

# ছাত্রলীগ-শিবির সংঘর্ষে ১৫ জন আহত

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ভিক্টোরিয়া কলেজে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। ছাত্র শিবির ছাত্রলীগের এক কর্মীকে ধরে পুলিশে সোপর্দ করেছে।

বুধবার রাতে ছাত্রলীগের সদস্যরা নিউ হোস্টেল ও উচ্চ মাধ্যমিক শাখায় হামলা চালায়। এ সময় সংঘর্ষে ১৫ জন আহত হয় এবং ৪টি কক্ষ ও. ২টি মোটর সাইকেল ভাঙচুর করা হয়।

বৃহস্পতিবার সকালে ছাত্র শিবির প্রতিবাদ মিছিল বের করে। মিছিলকারীরা এনামুল হক ফারুক নামে ছাত্রলীগের এক কর্মীকে মারধর করে। তারা একটি পিস্তলসহ ফারুককে পুলিশে সোপর্দ করে।